সাংবাদিক বুরহান উদ্দিন মুজাক্কির হত্যায় দোষিদের শাস্তির দাবিতে ঝিনাইদহে মানববন্ধন

বার্তাবাজার এর নোয়াখালী জেলা প্রতিনিধি বুরহান উদ্দিন মুজাক্কিরকে নির্মমভাবে গুলি করে হত্যার প্রতিবাদে ও দোষিদের গ্রেফতার, শাস্তি এবং বিচারের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।
গতকাল মঙ্গলবার বেলা ১১ টায় ঝিনাইদহ প্রেস ক্লাবের সামনে প্রায় ঘন্টাব্যাপী এ কর্মসূচির আয়োজন করে স্থানীয় সাংবাদিকরা। এতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলায় কর্মরত প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকরা বক্তব্য রাখেন।
এ সময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ও সমকাল পত্রিকার জেলা প্রতিনিধি মাহমুদ হাসান টিপু, ঝিনাইদহ প্রেস ক্লাবের সহ-সভাপতি ও এস এ টিভির এবং দৈনিক বণিকবার্তা পত্রিকার জেলা প্রতিনিধি ফয়সাল আহমেদ, এশিয়ান টেলিভিশন ও দৈনিক দেশ রুপান্তর পত্রিকার জেলা প্রতিনিধি এম রবিউল ইসলাম রবি, ঝিনাইদহ প্রেস ক্লাবের নির্বাহী সদস্য ও দৈনিক নবচেতনা পত্রিকার জেলা প্রতিনিধি সাজ্জাদ আহমেদ, বাংলাদেশ প্রতিদিন ও নিউজ টোয়েন্টিফোর টিভির জেলা প্রতিনিধি শেখ রুহুল আমিন, ঝিনাইদহ প্রেস ক্লাবের প্রচার সম্পাদক দি ডেইলি ট্রাইবুনাল ও সকালের সময় পত্রিকা জেলা প্রতিনিধি শামীমুল ইসলাম শামীম, ঝিনাইদহ প্রেস ক্লাবের ক্রীড়া সম্পাদক, দি ডেউলি এশিয়ান এজ ও দৈনিক সময়ের আলো পত্রিকার জেলা প্রতিনিধি কাজী আলী আহাম্মেদ লিকু, ঝিনাইদহ প্রেস ক্লাবের কার্যকারি নির্বাহী সদস্য ও দৈনিক শিকল পত্রিকার সিনিয়র স্টাফ রিপোর্টার এম এ জলিল, দৈনিক জবাবদীহি ও দেশকাল পত্রিকার জেলা প্রতিনিধি এম সেলিম, দৈনিক অধিকার পত্রিকার জেলা প্রতিনিধি শাহ্ আলম মিয়া, সময় টিভির জেলা প্রতিনিধি লোটাস রহমান সোহাগ, ঝিনাইদহ প্রেস ক্লাবের নির্বাহী সদস্য ও আমাদের অর্থনীতি পত্রিকার জেলা প্রতিনিধি এবং বর্তমান ঝিনাইদহ টিভির সম্পাদক সুলতান আল একরাম, দৈনিক জনবাণী পত্রিকার জেলা প্রতিনিধি ময়না খাতুন, মুভিবাংলা টিভি, দৈনিক স্বাধীন বাংলা ও দৈনিক স্পন্দন এবং

বার্তাবাজার এর জেলা প্রতিনিধি খাইরুল ইসলাম নিরব।
এছাড়াও অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, স্বাধীন সংবাদ পত্রিকার জেলা প্রতিনিধি এস এম রবি, দৈনিক নাগরিক ভাবনা কাইয়ুম হুসাইন পলাশ, ট্রাইবুনাল পত্রিকার শৈলকুপা প্রতিনিধি এ কে এম ফাইজুর রহমান, নিউজ ঝিনাইদহ টিভি (আইপি) এর সম্পাদক আলিফ আবেদিন গুঞ্জন, সাংবাদিক সাজেদ আল হাসান, সমাজের কাগজ পত্রিকার জেলা প্রতিনিধি শেখ হৃদয় আহমেদ পিকুল, বাংলা ৭১ পত্রিকার জেলা প্রতিনিধি অরিত্র কুন্ডু, দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার জেলা প্রতিনিধি জাহিদুল হক বাবু, দৈনিক খুলনাঞ্চল পত্রিকার শৈলকুপা প্রতিনিধি সম্রাট হোসেন, সাংবাদিক আব্দুল্লা হৃদয়, টুটুল হোসেন, অনিক হাসান লিখন, মিশন হুসাইন, আজমীর রহমান তরুসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।
এ সময় বক্তারা, সাংবাদিক বুরহান উদ্দিন মুজাক্কির রাজনৈতিক প্রতিহিংসার শিকার উল্লেখ করে জড়িতদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

সিরাজুল ইসলাম পাবলিক পাঠককেন্দ্রে রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত

মহান একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে গতকাল সোমবার সকাল ১১ টায় ঝিনাইদহ জেলার মহেশপুর থানার সামন্তা বাজার সংলগ্ন সিরাজুল ইসলাম পাবলিক পাঠক কেন্দ্রে “চেতনায় একুশ” শিরোনামে স্থানীয় শিশু কিশোরদের নিয়ে রচনা ও বইপড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতা শেষে আলোচনা ও পুরষ্কার বিতরণ করা হয়।
প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরষ্কার বিতরণ করেন সিরাজুল ইসলাম পাবলিক পাঠককেন্দ্রের প্রতিষ্ঠাতা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের অধ্যাপক এম এ আজিজ। মফস্বল এলাকায় এমন আয়োজন করায় স্থানীয় শিক্ষার্থীদের মধ্যে একুশের চেতনা বিকশিত হবে।

কোটচাঁদপুরে সুন্দরবন ট্রেনের দুটি বগি লাইনচ্যুত

ঝিনাইদহের কোটচাঁদপুর রেল স্টেশনে সুন্দরবন এক্সপ্রেস ট্রেনের দুটি বগি লাইনচ্যুত হয়েছে। এ ঘটনায় হতাহতের কোন ঘটনা না ঘটলেও খুলনার সাথে সারাদেশের রেল যোগাযোগ বন্ধ হয়ে যায়। গতকাল সোমবার বিকাল ৫ টার দিকে কোটচাঁদপুর রেল স্টেশন লুপ লাইনের কাছে এই দুর্ঘটনা ঘটে।
কোটচাঁদপুর রেল স্টেশন মাস্টার গোলাম মোস্তফা জানান, ঢাকা থেকে ছেড়ে আসা খুলনা গামী আন্তঃনগর সুন্দরবন এক্সপ্রেস ট্রেনটি লুপ লাইনের কাছে আসলে ট্রেনের পাওয়ারকারসহ দুটি বগি লাইনচ্যুত হয়। দুর্ঘটানায় হতাহতের কোন ঘটনা ঘটেনি।
এ ঘটনায় খুলনার সাথে সারাদেশের রেল যোগাযোগ বন্ধ হয়ে যায়। মোস্তফা জানায়, প্রাথমিক ভাবে দুর্ঘটনার কারণ সর্ম্পকে জানা যায়নি। ঈশ্বরদী থেকে উদ্ধারকারী রিলিফ ট্রেন আসলে উদ্ধার কাজ শুরু করা হবে।
স্থানীয়রা জানায়, আন্তঃনগর সুন্দরবন ট্রেনটি ১নং লুপ লাইন থেকে ২ নং লাইনে আসার সময় স্টেশনের কন্ট্রোল রুম থেকে লাইন বিচ্ছিন্ন করার কারণেই এই দুর্ঘটান ঘটেছে।
এদিকে খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছেন কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুর আলম কোটচাঁদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকিসহ রেলের কর্মকর্তারা।

কালীগঞ্জে সড়ক দুর্ঘটনা রোধে মানববন্ধন ও লিফলেট বিতরণ

নিরাপদ সড়ক ও সড়ক সংস্কারের দাবিতে ঝিনাইদহের কালীগঞ্জে

মানববন্ধন ও সচেতনমূলক লিফলেট বিতরণ করেছে নিরাপদ সড়ক চাই, কালীগঞ্জ উপজেলা শাখার সদস্যরা।

আজ সোমবার বেলা ১১টার দিকে নিরাপদ সড়ক চাই কালীগঞ্জ শাখার আয়োজনে সড়কের দুর্ঘটনা রোধে মেইন বাসস্ট্যান্ডের হোটেল ধানশিঁড়ির সামনে ঘণ্টাব্যাপী এ মানববন্ধনে বক্তব্য রাখেন, বারবাজার হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেজবা উদ্দিন, কালীগঞ্জ ফায়ার সার্ভিসের অফিসার শেখ মামুনুর রশিদ, কালীগঞ্জ পৌরসভার ৫ নম্বর ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র মনিরুজ্জামান রিংকু।

নিরাপদ সড়ক চাই কালীগঞ্জ উপজেলা শাখার আহ্বায়ক ও আরটিভির ঝিনাইদহ জেলা প্রতিনিধি শিপলু জামান, নিসচা ১ নং যুগ্ম আহ্বায়ক মিশন আলী, ২ নং যুগ্ম আহবায়ক তানজির রহমান তকি ও ছাত্র সংগঠন আওয়াজের সভাপতি অরাভ, সপ্ন ছোঁয়া ফাউন্ডেশনের সভাপতি ফিরোজ আহমেদ।

মানববন্ধন শেষে যানবাহনে জন সচেতনমূলক লিফলেট বিতরণ করে বারোবাজার হাইওয়ে থানা পুলিশ, কালীগঞ্জ ফায়ার সার্ভিস ও নিসচার সদস্যরা।

এসময় হেলমেট ও লাইসেন্স বিহীন মোটরসাইকেল চালকদের সতর্ক করে হাইওয়ে থানা পুলিশ।

মানববন্ধনে বক্তারা বলেন, খুলনা-কুষ্টিয়া মহসড়কের গড়াই, রূপসাসহ অন্যান্য পরিবহনের দানবীয় গতি বন্ধ করা, ফিটনেসবিহীন গাড়ি চলাচল বন্ধসহ মহাসড়কে তিন চাকার অবৈধ যানবাহন বন্ধ ও মহাসড়কের ব্লাইন্ড স্পট গুলোর সংস্কারের দাবি জানান।

এক টাকার জীবন সংগঠনের সমন্বয়ক মোস্তফা ইবনে মাসুদ এই মানববন্ধনের উপস্থাপনা করেন।

ঝিনাইদহে করোনা টিকা নিলেন

সাবেক প্রতিমন্ত্রী আব্দুল হাই

ঝিনাইদহ সদর হাসপাতাল থেকে কোভিড-১৯ প্রতিরোধক টিকা গ্রহন করলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী আব্দুল হাই এম.পি।

আজ সোমবার দুপুরে ২ টার দিকে তিনি সদর হাসপালে উপস্থিত হয়ে এই টিকা গ্রহণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মেয়র সাইদুল করিম মিন্টু, ঝিনাইদহ সদর হাসপাতালের ডা. জাকির হোসেন।

একই সাথে করোনার টিকা গ্রহন করলেন ঝিনাইদহের জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক অশোক ধর, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের ত্রাণ ও সমাজ কল্যাণ সম্পাদক ও শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-আহবায়ক সরোয়ার জাহান বাদশা, ঝিনাইদহ পৌর আওয়ামী লীগের তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মুস্তাফিজুর রহমান মিন্টু।

জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মো: আব্দুল হাই এম পি, টিকা নেওয়ার পর জানান, টিকা নেওয়ার জন্য অনলাইনে নিবন্ধন করার পর মোবাইলে এসএমএম আসে। সেই এসএমএসের নির্ধারিত সময়ে টিকা নিতে এসেছি।

টিকা নেওয়ার ৩০ মিনিটের মধ্যে আমার কোনো পার্শ্ব প্রতিক্রিয়া দেখা যায়নি। কোনো ভয়-ভীতি না নিয়ে সবাইকে টিকা নেওয়ার আহ্বান জানান তিনি।

ঝিনাইদহে যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

পালিত

একুশের প্রথম প্রহরে শহীদ মিনারে কণ্ঠে কণ্ঠে সেই গান- আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি আমি কি ভুলিতে পারি।

রাষ্ট্রভাষা বাংলার দাবিতে ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাঙালির রক্তে রঞ্জিত হয়েছিল রাজপথ। রক্তের দামে এসেছিল বাংলার স্বীকৃতি আর তার সিঁড়ি বেয়ে মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত হয় স্বাধীনতা।

মাতৃভাষার মর্যাদা রক্ষায় বাঙালির এই আত্মত্যাগের দিনটি এখন আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হচ্ছে সারা বিশ্বে।

গর্ব আর শোকের এই দিনটি বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে পালন করেছে জাতি, যার সূচনা হয়েছে শহীদ মিনারে ফুল দিয়ে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানানোর মধ্য দিয়ে।
একুশের প্রথম প্রহরেই শহরের কেন্দ্রীয় শহীদ মিনারে র্যালী যোগে আসতে শুরু করে নানা সংগঠন। জড়ো হয় শহীদ মিনারের পাদদেশে।

রাত ১২ টা ১ মিনিটে প্রথমে জেলা প্রশাসনের আয়োজনে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এ সময় ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি, সংরক্ষিত মহিলা আসনে সংসদ সদস্য খালেদা খানম, জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু, জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, ঝিনাইদহ জেলা যুবলীগের যুগ্ম-আহবায় শফিকুল ইসলাম শিমুল, ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সভাপতি- রানা হামিদ, সাধারণ সম্পাদক – আব্দুল আওয়ালসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

পরে একে একে জেলা পুলিশ, বিচার বিভাগ, বিভিন্ন সাংবাদিক ক্লাবসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠনসহ নানা শ্রেণি পেশার মানুষ শহীদ বেদিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

মহেশপুরে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

ঝিনাইদহ মহেশপুর উপজেলায় নানা কর্মসূচির মধ্য দিয়ে পালিত হয়েছে জাতীয় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। রাত ১২ টা ১ মিনিটে উপজেলা প্রশাসনের আয়োজনে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয় এবং পরবর্তীতে মহেশপুর থানা পুলিশ, বাংলাদেশ আওয়ামী লীগসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠনের নানা শ্রেণি পেশার মানুষ শহীদ বেদিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

একুশের প্রথম প্রহরে শহরের কেন্দ্রীয় শহীদ মিনারে দলে দলে র্যালী নিয়ে জড়ো হয় প্রশাসনিক, সামাজিক ও রাজনৈতিক সংগঠন। মহান একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদনসহ ঝিনাইদহের মহেশপুর উপজেলা শহীদ মিনারে, পুষ্পস্তবক অর্পণ ও ভাষা শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল, উপজেলা পরিষদের চেয়ারম্যান ময়জদ্দীন হামিদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা শাশ্বতী শীল, উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাজ্জাদুল ইসলাম সাজ্জাদ, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মীর সুলতানুজ্জামান লিটন, পৌর মেয়র আব্দুর রশিদ খাঁন, মহেশপুর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলামসহ উপজেলার প্রশাসনিক কর্মকর্তা ও আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতাকর্মী।

ঝিনাইদহে ভাষা সৈনিক মুসা মিয়া আইসিটি ইনকিউবেটর এন্ড

[illegible]

[illegible] [illegible] [illegible] [

প্রত্যক্ষদর্শীরা জানান, যশোরগামী ভুষি বোঝাই ট্রাকের চাকা ফেটে গেলে বিপরীত দিক থেকে আসা ঝিনাইদহগামী সার বোঝাই ট্রাকের সাথে মুখোমুখী সংঘর্ষ হয়। কালীগঞ্জ ফায়ার সার্ভিসের কর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে স্থানীয়দের সহযোগিতায় আটকা পড়া দুইজনকে উদ্ধার করে।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, ট্রাক দুটির চালক আহত হয়েছে। তাদের উদ্ধার করে একজনকে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও অন্যজনকে যশোরে পাঠানো হয়েছে।

কার্পাসডাঙ্গায় উন্মুক্ত ওয়ার্ড সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের ৫ নং ওয়ার্ড কুতুবপুরে গতকাল রোববার সকাল ১০ টার দিকে ২০২০/২০২১ অর্থবছরের এলজিএসপি -৩ এর আওতায় উন্মুক্ত ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের মেম্বর মনিরুজ্জামান মনির সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জেলা আ. লীগ নেতা খলিলুর রহমান ভুট্ট, আ: হাকিম মেম্বর, মনিরুজ্জামান মন্টু মেম্বর, মুকুল মেম্বর, সিরাজুল মেম্বর, আসলাম মেম্বর গুলছুন নাহার, রওশনারা, রহিমা, সাংবাদিক শরীফ রতন, মেহেদী হাসান মিলন, উদ্যোক্তা হারুন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের সচিব মহিউদ্দীন।